দৈনিক
ইত্তেফাক

তারিখ . . 07 APR 2015 . . .
পৃষ্ঠা . . ১৬ . . কলাম . . . ৭ . . .

# চাটমোহরে পরিদর্শক ও পরীক্ষার্থী বহিষ্কার

■ চাটমোহর (পাবনা) সংবাদদাতা

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চলতি এইচএসসি (বিএম) পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে ২ কক্ষ পরিদর্শক ও ৩ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

উপজেলার মির্জাপুর ডিগ্রী কলেজ কেন্দ্রে (ভেন্যু চাটমোহর হাইস্কুল) উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. মিজানুর রহমান নকল করা ও নকলে সহায়তা করার দায়ে এদেরকে বহিষ্কার করেন।

প্রসঙ্গত, চাটমোহরে এইচএসসি (বিএম), একাদশ (বিএম) ও মাদ্রাসা বোর্ডের আলিম পরীক্ষায় শিক্ষকদের সহায়তায় নকল চলছে মর্মে অভিযোগ পাওয়া গেছে।